বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
হিসাব রক্ষণ পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৮)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫।

স্মারক নং-৪২.০১.০০০০.০২০.১৩.২৩৮.২৩.৫৩০ তারিখঃ ২৬-১০-২০২৩ খ্রিঃ।

# সার্কুলার

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা কর্মচারীদের সন্তানদের পারিবারিক অবসর ভাতা প্রাপ্যতা প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাপাউবোর্ডের বিভিন্ন দপ্তর হতে মৃত কর্মকর্তা কর্মচারীদের প্রতিবন্ধী সন্তানদের পারিবারিক পেনশন আবেদন, পেনশন সহজীকরণ আদেশ ২০২০ খ্রিঃ এর ৩.০৩ ধারার সকল শর্তাবলি প্রতিপালন না করে হিসাব রক্ষণ পরিদপ্তরে প্রেরণ করা হচ্ছে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৪.১৫-৮২ তারিখঃ ০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ, ০৭.০০.০০০০.১৭১.১৩.০০১.১৭-৪৭ তারিখঃ ০৬ এপ্রিল ২০২৩ খিঃ এবং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.২৩-৭০ তারিখঃ ১৯ জুন ২০২৩ খ্রিঃ অনুযায়ী নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়েছেঃ

১। কোন কর্মকর্তা/কর্মচারী কর্তৃক তাঁর জীবদ্দশায় চাকুরিকালীন/অবসরকালীন সময়ে সন্তানের প্রতিবন্ধীতার বিষয়ে নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষকে অবহিত করা না হলে তা পেনশন সহজীকরণ আদেশ ২০২০ এর সাথে সামাঞ্জস্যপূর্ণ নয়।

২। পারিবারিক পেনশনের ক্ষেত্রে পুত্র সন্তানের বয়স সীমা সর্বোচ্চ ২৫ বৎসর। ২৫ বৎসরের উর্ধ্ব বয়সের পুত্র সন্তানের এবং বিবাহিতা কন্যার স্বামী জীবিত থাকলে তার/তাদের পারিবারিক পেনশন আবেদন গ্রহনযোগ্য হবে না।

পেনশন আবেদন প্রক্রিয়াকরণের উদ্দ্যেশ্যে হিসাব রক্ষণ পরিদপ্তরে প্রেরণের পূর্বে অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী উপর্যুক্ত শর্তাবলী যথাযথ ভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর প্রদান কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এ সার্কুলার মহাপরিচালক মহোদয়ের অনুমোদক্রমে জারী করা হলো।

২৬/১০/২৩
(মোঃ জাকিরুল ইসলাম)
পরিচালক
হিসাব রক্ষন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০২০.১৩.২৩৮.২৩.৫৩০ তারিখ ঃ ২৬-১০-২০২৩ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/প্রধান (সকল)--------------------বাপাউবো,--------------।
২। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা/প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)-----------------বাপাউবো,---------------।
৪। সিএসও টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।(বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। উপ-পরিচালক (সকল)----------------------------, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী (বিভাগীয় সকল)--------------------------------, বাপাউবো,----------------।
৮। উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার----------------------আঞ্চলিক হিসাব কেন্দ্র (সকল), বাপাউবো,-----------।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(------------------------)/পরিচালক (বোর্ড), বাপাউবো, ঢাকা।

(মোঃ হাফিজুর রহমান)
উপ-পরিচালক (পেনশন)
হিসাব রক্ষন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা